

মদনের ভগিনী মহিমা নাম ধরে।
 তার কণ্ঠস্বর যেন অমৃত নিঃসরে।।
 পাগল উন্মত্ত হ'য়ে করে হরিনাম।
 বেড়াপাক কীর্তন যেমন ক্ষেত্রধাম।।
 দলে দলে মহাপ্রভু নাচিত যেমন।
 তেমনি গোলোকচন্দ্র করিছে ভ্রমণ।।
 এক এক বারে যবে দিতেছেন লক্ষ্য।
 তিন চারি বাড়ী কাঁপে যেন ভূমিকম্প।।
 পাগলের প্রতি কার্তিকের বড় আর্তি।
 দৈবে পাগলের দেখে হনুমান মূর্তি।
 লক্ষ্য দিয়া দশ বার হাত উর্দ্ধ হয়।
 লাঙ্গুল ঠেকিল গিয়া কার্তিকের গায়।।
 শূন্যমার্গে 'রাম রাম রাম রাম' বলে।
 অতি ভীমকায়, লম্বা পুচ্ছ, পিছে ঝুলে।।
 অত্রুর রামকুমারে ডেকেছে কার্তিক।
 'কি দেখিনু কি হইল নাহি পাই ঠিক।।
 তোমরা জানহ শাস্ত্রথম্বু রামায়ণ।
 দেখ এসে পাগলের লক্ষণ কেমন।।
 ঘরে থাক কেন সবে বাহিরে এস না।
 একা আমি দেখিলাম তোরা দেখিলি না।।'
 অত্রুর রামকুমার বাহিরে আসিল।
 মারগতি মুরতি দেখি মুচ্ছিত হইল।।
 'দেখে মোহপ্রাপ্ত হৈলি' কহিছে পাগল।
 'ধরে তুলে বলে 'তোরা বল হরিবোল।।'
 শম্ভুনাথে বলে 'কি দেখিলি শম্ভুনাথ।'
 শম্ভু কহে 'লেজ দেখি দশ বার হাত।।'
 পাগল বলিছে 'কারে নাহি দিব ফাঁকি।
 দেখাইব যাহা আছে দেখিবার বাকী।।
 এ গ্রামের শ্যামা রামা সবে ডেকে আন।
 সকলে দেখুক আমি বানর প্রধান।।'
 চুড়ামণি পুত্র রামমোহন সুমতি।
 ঠাকুরের প্রিয়ভক্ত মাতা তোলাবতী।।

পাগল কহিছে ডেকে 'সবে তোরা আয়।
 হইয়াছে বেশী বেলা স্নানের সময়।।'
 চলিল সকল ভক্ত হরিধ্বনি দিয়ে।
 পাগলের জয় জয় সকলে বলিয়ে।।
 অথৈ চলিলেন সব মতুয়ার গণ।
 আর সব পিছে চলে করি সংকীর্তন।।
 পাছের লোকের সঙ্গে চলিল গৌসাই।
 ক্ষণে দেখে সর্ব্ব অথৈ করে 'পাগ্লাই'।।
 হরিনাম ধ্বনি উঠে গগনমণ্ডলে।
 পাগল বলিল 'সবে নাম গিয়া জলে।।
 জলকেলি করিতে সকলে এ'লি জুটে।
 সবে নাম ঘাটে আমি যাইব আঘাটে।।
 পাগল পশ্চিম দিকে যায় ঘাট ছাড়ি।
 শম্ভুনাথ সাথে সাথে যায় দৌড়াদৌড়ি।।
 শম্ভুনাথ দৌড়ে যায় দেখিয়া কার্তিক।
 পিছে পিছে দৌড়ি যায় হইয়া বিদিক।।
 অত্রুর রামকুমার তাহা দেখি ধায়।
 পাগল মারিল লক্ষ্য লেজ দেখা যায়।।
 লক্ষ্য দিয়া পাগল জলের মধ্যে পড়ি।
 জল ফেলাফেলি করে আছাড়ি পাছাড়ি।।
 পূর্ব্ব ঘাটে সকলে করিছে জলকেলি।
 পশ্চিমে পাগল করে জল ফেলাফেলি।।
 জল ছিটাছিটি যেন ঘন-মেঘ-বৃষ্টি।
 পাগলের প্রতি কার'র নাহি চলে দৃষ্টি।।
 হেনকালে জলমধ্যে মকর উঠিল।
 পাগল মকর ধরি মাথায় লইল।।
 জলের মধ্যেতে দৃষ্ট করে চারিজনে।
 পাগল জলের পরে বসে যোগাসনে।।
 জল হ'তে উঠে জল বৃষ্টি যেন হয়।
 কেবা বরিষণ করে কে জল উঠায়।।
 মকর মস্তকে ছিল পড়িল জলেতে।
 পাগল বসিল গিয়া মকর পৃষ্ঠেতে।।